বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯

ই-মেইল dgmsme@krishibank.org.bd


নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০৪(এসএমই)-৭(৯)/২০২৩-২৪/ ০৫৮(১১৫০) তারিখঃ ০৯/০৮/২০২৩

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ২০২৩-২৪ অর্থবছরে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। জনসংখ্যার এ কাঠামোর কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূল স্রোতে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য এবং নারীদের প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে অংশগ্রহনকে তরান্বিত করার লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক চলতি ২০২৩-২৪ অর্থবছরে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো। উল্লেখ্য, বিবেচ্য লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪ অর্থবছরে প্রদত্ত সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার অন্তর্ভুক্ত থাকবে।

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের লক্ষ্যমাত্রা | নারী উদ্যোক্তা খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ০১. | ঢাকা | ১৬৮৯.০০ | ২৮০.০০ |
| ০২. | ময়মনসিংহ | ৮০০.০০ | ১৪০.০০ |
| ০৩. | চট্টগ্রাম | ৭৬১.০০ | ১৪০.০০ |
| ০৪. | খুলনা | ৭১৩.০০ | ৯০.০০ |
| ০৫. | বরিশাল | ৩৬৫.০০ | ৭০.০০ |
| ০৬. | সিলেট | ৫০০.০০ | ৭০.০০ |
| ০৭. | কুমিল্লা | ১১৪৬.০০ | ১৭০.০০ |
| ০৮. | ফরিদপুর | ৭৮৭.০০ | ৮০.০০ |
| ০৯. | কুষ্টিয়া | ৭০৩.০০ | ১১০.০০ |
| ১০. | এলপিও | ৫৩৬.০০ | ৫০.০০ |
| সর্বমোটঃ | | ৮০০০.০০ | ১২০০.০০ |

বিভাগীয় কার্যালয়সমূহ উপরোক্ত লক্ষ্যমাত্রা ১৫.০৮.২০২৩ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহে বন্টন করবেন এবং তার একটি কপি অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। একইভাবে বিভাগ থেকে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ বিগত অর্থবছরের পারফরমেন্স ও সম্ভাব্যতার নিরিখে অঞ্চলাধীন শাখা সমূহের মধ্যে বন্টন করে তার একটি কপি বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

০৩। বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের সেপ্টেম্বর ৫, ২০১৯ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ (এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার) এ বর্ণিত নির্দেশনা মোতাবেক আগামী ২০২৪ সালে নারী উদ্যোক্তা খাতে ঋণ স্থিতি হতে হবে ব্যাংকের সিএমএসএমই খাতের ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫%। সে লক্ষ্যকে সামনে নিয়ে নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলতি ২০২৩-২৪ অর্থবছরে নারী উদ্যোক্তা খাতে সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহকে বছরের শুরু থেকেই নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবে ঃ

(ক) প্রত্যেক শাখাকে নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণের মাধ্যমে ঋণের প্রবাহ বৃদ্ধি করতে হবে। ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে একটি "Women Entrepreneur's Development Unit"(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) গঠন করা হয়েছে। এ ইউনিট শাখা পর্যায়ের Women Entrepreneurs' Dedicated Desk সমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।

(খ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিস্পত্তি করতে হবে;

(গ) বর্তমান ২০২৩-২৪ অর্থবছরে বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১৫ ভাগ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করতে হবে। স্থাপিত ডেস্কের মাধ্যমে প্রতিটি শাখা কর্তৃক কমপক্ষে ২৫ জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে তন্মধ্যে অন্তত ১৫ (পনের) জন সম্ভবনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন করতে হবে;

চলমান পাতা-০২

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

(ঘ) নারী উদ্যোক্তাদের অনুকূলে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের ক্ষেত্রে (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও) জমি, বিল্ডিং প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০.০০ লক্ষ টাকা এবং পুরুষ উদ্যোক্তাদের অনুকূলে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের বিধান রয়েছে। উল্লেখিত নির্দেশনার সদ্ব্যবহার নিশ্চিত করে সিএমএসএমই খাতে বিশেষত নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে ;

(ঙ) এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯, তারিখঃ ০৫/০৯/২০১৯ মোতাবেক নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় অর্থায়নপূর্বক পুনঃঅর্থায়ন ও রিবেট সুবিধা গ্রহণ করতে হবে (এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২০/০৬/২০২২ ও এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখঃ ২৫/০৭/২০২৩) ;

(চ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক একইরূপ পণ্য বা সেবা উৎপাদনকারী প্রতিষ্ঠান চিহ্নিত করে নারী উদ্যোক্তাদের ক্লাষ্টারভিত্তিক অর্থায়নের আওতায় আনতে হবে এবং

(ছ) সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধকরণের জন্য বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক প্রদত্ত নীতি সহায়তাসমূহ অবহিতকরণের নিমিত্ত বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষন কর্মসূচি/কর্মশালার আয়োজন করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এমএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন(প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএমএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯, তারিখঃ ০৫/০৯/২০১৯) এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক অত্র ব্যাংকে ২০২৩-২৪ অর্থবছরে নারী উদ্যোক্তা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ ও অঞ্চল প্রধানগণ অর্থবছরের শুরু থেকেই মাঠ পর্যায়ে উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০২/০৮/২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২৩-২০২৪/ ৩৫৮-(১১৫৫) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

02/08/2023

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক